# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৪

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৫৯. মোজার উপর মাসাহ্ করা

باب الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ الدِّرْهَمِيُّ، حَدَّثَنَا ابْنُ دَاوُدَ، عَنْ بُكَيْرِ بْنِ عَامِرٍ، عَنْ أَبِي زُرْعَةَ بْنِ عَمْرِو بْنِ جَرِيرٍ، أَنَّ جَرِيرًا، بَالَ ثُمَّ تَوَضَّأَ فَمَسَحَ عَلَى الْخُفَّيْنِ وَقَالَ مَا يَمْنَعُنِي أَنْ أَمْسَحَ وَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَمْسَحُ قَالُوا إِنَّمَا كَانَ ذَلِكَ قَبْلَ نُزُولِ الْمَائِدَةِ . قَالَ مَا أَسْلَمْتُ إِلَّا بَعْدَ نُزُولِ الْمَائِدَةِ

حسن –

বাংলা

১৫৪। আবূ যুর’আহ ইবনু জারীর (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা জারীর (রাঃ) পেশাব করলেন। অতঃপর অযু করার সময় তিনি মোজার উপর মাসাহ্ করলেন এবং বললেন, কিসে আমাকে মোজার উপর মাসাহ্ করা থেকে বিরত রাখবে? অথচ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে মাসাহ্ করতে দেখেছি। লোকেরা বলল, এটা তো সূরাহ মায়িদাহ্ অবতীর্ন হওয়ার পূর্বেকার ঘটনা। জারীর (রাঃ) বললেন, আমি সূরাহ মায়িদাহ্ অবতীর্ণ হওয়ার পরই ইসলাম গ্রহণ করেছি।[1]

হাসান।

## English

Abu Zur’ah b. ‘Amr b. Jarir said :
Jarir urinated. He then performed ablution and wiped over the socks. He said: What can prevent me from wiping (over the socks); I saw the Messenger of Allah (doing so). They (the people) said: This (action of yours) might be valid before the revelation of Surat al-Ma’idah. He replied: I

embraced Islam after the revelation of Surat al-Ma’idah.

## ফুটনোট

[1] ইবনু খুযাইমাহ (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ১৮৭) আবূ যুর‘আহ সূত্রে এর সনদে বুকাইর ইবনু ‘আমির রয়েছে। তার সম্পর্কে হাফিয ‘আত-তাক্বরীব’ গ্রন্থে বলেনঃ দুর্বল। কিন্তু হাদীসটির সূত্রাবলীও আছে জাবির থেকে হাম্মাম সূত্রে হারিস থেকে। যা সহীহাইনে রয়েছেঃ বুখারী (অধ্যায়ঃ সালাত, অনুঃ মোজা পরে সালাত আদায়, হাঃ ৩৮৭) মুসলিম (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মোজার উপর মাসাহ্ করা), হাম্মাম ইবনু হারিস সূত্রে। তাঁরা উভয়ে (অর্থাৎ আবূ যুর‘আহ এবং হাম্মাম) জারীর থেকে।

-

হাদীস থেকে শিক্ষাঃ

কেউ কোনো বিষয় অস্বীকার করে নিজের বক্তব্যকে সঠিক মনে করলে অবশ্যই তাকে দলীল পেশ করতে হবে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57472

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন